

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১১৬/২০১৬

অভিযোগকারী :	এ্যাড. আনোয়ারুল ইসলাম চৌধুরী পিতা:- মরহুম সামশুল ইসলাম চৌধুরী, বাড়ি নং-১৮৮, রোড নং- ৮ চান্দগাঁও আ/এ, চান্দগাঁও, চট্টগ্রাম।	প্রতিপক্ষ :	১. মোঃ মকবুল হোসেন পরিচালক (যুগ্ম সচিব) ও প্রাক্তন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম। ২. মোঃ বদরুল হুদা সহকারী পরিচালক ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
--------------	---	-------------	---

সিদ্ধান্তপত্র

(তারিখ : ২৯-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ২৬-০১-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

চট্টগ্রাম জেলার সীতাকুন্ড এলাকায় অবস্থিত বিভিন্ন জাহাজভাঙ্গা ইয়ার্ডে ২০১২ থেকে ২০১৫ পর্যন্ত প্রায় ১১১টি দুর্ঘটনা ঘটেছে (তালিকা সংযুক্ত)। এসকল দুর্ঘটনার সময় যে জাহাজগুলো ভাঙ্গা হচ্ছিল সে জাহাজগুলো সম্পর্কে নিম্ন লিখিত তথ্য:

- জাহাজের নাম;
- জাহাজটি কোন দেশের তৈরি;
- জাহাজটি কোন দেশের পতাকাবাহী;
- জাহাজের আই. এম. ও. নং;
- ক্ষমতা/ওজন সংশ্লিষ্ট তথ্য।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৪-০৩-২০১৬ তারিখে মহাপরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), পরিবেশ অধিদপ্তর, ই-১৬, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০২-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৬-০৬-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। অধিকতর শুনানীর জন্য পরবর্তী ২৯-০৮-২০১৬ তারিখ পুনরায় অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ২৯-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারীর পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট সৈয়দা রিজওয়ানা হাসান ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পক্ষে মোঃ বদরুল হুদা, সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল হাজির।

- ৫। অভিযোগকারীর পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট সৈয়দা রিজওয়ানা হাসান তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। তিনি আরো বলেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার চাহিত তথ্যাদি প্রদান না করায় সংক্ষুব্ধ হয়ে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন এবং প্রার্থিত তথ্য পাওয়ার জন্য তথ্য কমিশনের নির্দেশনা কামনা করেন।
- ৬। প্রতিপক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মোঃ বদরুল হুদা, সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্য সরবরাহ করার জন্য অত্র দপ্তরের বিভিন্ন বিভাগ থেকে সংগ্রহ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিভিন্ন বিভাগ থেকে সঠিক সময়ে তথ্য না পাওয়ায় অভিযোগকারীকে যথাযথসময়ে তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি বিধায় এই অনাকাঙ্খিত বিলম্বের জন্য তিনি কমিশনের নিকট মৌখিক ক্ষমা প্রার্থনা করেন। এজন্য তিনি তথ্য কমিশনের নিকট ১ মাসের সময় প্রার্থনা করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ২০ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ বদরুল হুদা, সহকারী পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত (প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ) তথ্য কমিশনার	স্বাক্ষরিত (নেপাল চন্দ্র সরকার) তথ্য কমিশনার	স্বাক্ষরিত (অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান) প্রধান তথ্য কমিশনার
--	--	---